

ডিএফআইএম সার্কুলার নং-০৯

তারিখ : ০৪/১১/২০০৯ খ্রিস্টাব্দ
২০/০৭/১৪১৬ বঙ্গাব্দ

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

**আর্থিক প্রতিষ্ঠানসমূহের ন্যূনতম পরিশোধিত মূলধন (Paid up capital)
৫০.০০ (পঞ্চাশ) কোটি টাকায় উন্নীতকরণ প্রসংগে।**

প্রজ্ঞাপন নং-ডিএফআইএম(পি)১০৫২-প্রজ্ঞা/৩৫ তারিখ ১৮ কার্তিক, ১৪১৬/০২ নভেম্বর, ২০০৯ দ্বারা আর্থিক প্রতিষ্ঠান প্রবিধানমালা, ১৯৯৪ এর প্রবিধান ৪ এর দফা (ঘ) এবং (ঘঘ) এবং প্রবিধান ৬ এর উপ-প্রবিধান(২) নিম্নরূপে সংশোধন করা হয়েছে :-

(ক) প্রবিধান ৪ এর দফা (ঘ) এবং (ঘঘ) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে, যথাঃ-

“ (ঘ) বাংলাদেশে নিবন্ধিত কোম্পানীর ক্ষেত্রে উহার পরিশোধিত মূলধন (Paid up capital) এর পরিমাণ ৫০.০০ (পঞ্চাশ) কোটি টাকার অথবা সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময় সময় নির্ধারিত সম্পদের ঝুঁকিভিত্তিক ন্যূনতম সংরক্ষিতব্য মূলধনের মধ্যে যাহা বেশী তাহা অপেক্ষা কম হইবে না;

(ঘঘ) বিদেশে নিবন্ধিত কোম্পানীর ক্ষেত্রে, উক্ত কোম্পানীকে বাংলাদেশে দফা (ঘ) তে উল্লিখিত পরিমাণ অর্থের সংস্থান রাখিতে হইবে।”

(খ) প্রবিধান ৬ এর উপ-প্রবিধান(২) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে, যথাঃ-

“ (২) বিদেশে নিবন্ধিত প্রত্যেক কোম্পানী লাইসেন্স প্রাপ্তির পর ৫০.০০ (পঞ্চাশ) কোটি টাকা বা সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময় সময় নির্ধারিত সম্পদের ঝুঁকিভিত্তিক ন্যূনতম সংরক্ষিতব্য মূলধন এই দুইয়ের মধ্যে যাহা বেশী উহার সমপরিমাণ অর্থ উক্ত ব্যাংক কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে সংরক্ষিত তহবিল আকারে বাংলাদেশে সংরক্ষণ করিবে।”

উপরোক্ত প্রজ্ঞাপনের প্রেক্ষিতে আর্থিক প্রতিষ্ঠানগুলোর ন্যূনতম পরিশোধিত মূলধনের (Paid up capital) ঘাটতি পূরণে নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণীয় হবে :

- (১) পরিশোধিত মূলধনের (Paid up capital) ঘাটতির অংশ ৩১ ডিসেম্বর ২০১০ এর মধ্যে পূরণ করতে হবে ;
- (২) পরিশোধিত মূলধন সংগ্রহের জন্য আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রয়োজ্য ক্ষেত্রে আইপিও বা রাইট শেয়ার বা বোনাস শেয়ার ইস্যুর ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে ;
- (৩) নির্দেশিত সময়সীমার মধ্যে পরিশোধিত মূলধনের ঘাটতি পূরণ নিশ্চিত করার জন্য একাধিক আর্থিক প্রতিষ্ঠানের একীভূত হওয়ার সম্ভাব্যতার বিষয়টিও পর্যালোচনা করা যেতে পারে ;
- (৪) পরিশোধিত মূলধন ঘাটতি থাকা অবস্থায় আর্থিক প্রতিষ্ঠানগুলো নগদে লভ্যাংশ প্রদান করতে পারবে না ; এবং
- (৫) উপরোক্ত প্রজ্ঞাপনের সূত্রে আর্থিক প্রতিষ্ঠানের সংঘ-স্মারকের প্রয়োজনীয় সংশোধনীর বিষয়ে আর্থিক প্রতিষ্ঠানগুলো অবিলম্বে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

প্রসংগতঃ এফআইডি সার্কুলার নং-০২ তারিখ ২৯ জুন, ২০০৩ উপরোক্ত মর্মে সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশ জারি করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(মোঃ ইলিয়াস সিকদার)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৭১২০৩৬২